

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।
web: www.rdodtekhulna.gov.bd
Email: rdokhulna@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুঃবিঃ/১৫০০

তারিখঃ ৩০/১০/২০১৯ খ্রিঃ

প্রাপক,
প্রধান শিক্ষক,
কলারোয়া জি কে এম কে পাইলট উচ্চ বিদ্যালয়,
কলারোয়া, সাতক্ষীরা।

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা হতে আপনার প্রতিষ্ঠান দ্বিতীয়বার পরিদর্শনে গিয়ে নিম্নলিখিত অসংগতি পরিলক্ষিত হয়।

- ১। যন্ত্রপাতি, হ্যান্ডটুলস ও ওয়ার্কশপের অবস্থাদৃষ্টে মনে হয় প্রকৃতপক্ষে কোন ব্যবহারিক ক্লাশ করানো হয় না।
- ২। ড্রিল মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৩। হ্যান্ড টুলস অযত্নে রাখার জন্য নষ্ট হয়েছে।
- ৪। লেদ মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৫। শেফার মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৬। বেঞ্চ ড্রিল মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৭। ওয়েল্ডিং মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
- ৮। বিল্ডিং ট্রেডের সকল যন্ত্রপাতি ও হ্যান্ডটুলস অযত্ন অবহেলার কারণে নষ্ট হয়ে যাচ্ছে।
- ৯। দীর্ঘদিন যাবত ওয়ার্কশপ ব্যবহার করা হয়না।
- ১০। ইলেকট্রিক্যাল ট্রেডের যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছেনা।
- ১১। ওয়ার্কশপের ভিতরের ময়লা আবর্জনা জমে আছে।
- ১২। ওয়ার্কশপের ভিতর যত্রতত্র মালামাল ফেলে রাখা হয়েছে।
- ১৩। ইয়ার প্লান নেই।
- ১৪। অগ্নিগতি কার্ড নেই।
- ১৫। ক্লাশ রুটিনে কোন ব্যবহারিক ক্লাশ রাখা হয়নি।
- ১৬। ব্যবহারিক ক্লাশের প্রতি শিক্ষকরা আস্তরিক নয়।
- ১৭। সংশ্লিষ্টদের উদাসিনতার জন্য সরকার প্রদত্ত লক্ষ লক্ষ টাকার মালামাল ও যন্ত্রপাতি নষ্ট হয়েছে।
- ১৮। প্রতিষ্ঠানে নাম মাত্র ভোকেশনাল কোর্স চলে, ভোকেশনালের কোন কার্যক্রম নেই।

এমতাবস্থায় কেনো সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার ব্যাখ্যা প্রদানসহ উল্লিখিত অসংগতি সমূহ পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে দূর করে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ-

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৫০০(৬)

তারিখঃ ৩০/১০/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডব্লিউ /ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ-পরিচালক (মাউশি), খুলনা অঞ্চল।
- ৩। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), সাতক্ষীরা।
- ৫। সভাপতি, কলারোয়া জি, কে, এম, কে পাইলট উচ্চ বিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।

স্বাঃ-

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)